

সহকারী গ্রন্থাগারিক নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম!

■ সালথা (ফরিদপুর) সংবাদদাতা
উপজেলার সোনাপুর ইউনিয়নের
যোগাড়াডিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী
গ্রন্থাগারিক পদে নিয়োগ প্রক্রিয়ায়
অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।
পরিচালনা পর্ষদের রেজুলেশন ছাড়াই
নিয়োগ প্রক্রিয়া শুরু হওয়ার অভিযোগ
উঠেছে। গত ১৪ অক্টোবর ওই পদে
পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়।

যোগাড়াডিয়া উচ্চ বিদ্যালয়ের
প্রধান শিক্ষক সঞ্জয় কুমার দাস বলেন,
বিদ্যালয়ের কাজে তিনি ঢাকায়
গিয়েছিলেন। এসে জানতে পারেন
রেজুলেশন ছাড়াই সহকারী গ্রন্থাগারিক
পদে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া
হয়েছে। যা সম্পূর্ণ নিয়ম বহির্ভূত। এ
বিষয় সভাপতির সাথে আলাপ করে
ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।
রেজুলেশন ছাড়াই নিয়োগ প্রক্রিয়ার
বিষয়ে সত্যতা নিশ্চিত করেছেন
বিদ্যালয় পরিচালনা পর্ষদ কমিটির
সভাপতি ও সোনাপুর ইউপি
চেয়ারম্যান আবু জাফর মৌল্যা।

এবিষয় উপজেলা মাধ্যমিক শিক্ষা
অফিসার মো. নুরুজ্জামান খান বলেন,
নিয়োগের ক্ষেত্রে রেজুলেশনের মাধ্যমে
বিদ্যালয় কর্তৃপক্ষ পত্রিকায় বিজ্ঞপ্তি
দেয়ার নিয়ম রয়েছে। এ ব্যাপারে যদি
কেউ লিখিত অভিযোগ করে তাহলে
অবশ্যই ব্যবস্থা নেয়া হবে।